



সূত্রঃ পিআইএলআইএল/প্রঃকাঃ/মাঃসঃওপ্রঃ/১১/২৩/২০২৩

২৫.০৯.২০২৩

অফিস নোটিশ

এতদ্বারা বাংলাদেশ ইনস্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ) কর্তৃক প্রকাশিত “শিক্ষা বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি” শীর্ষক সূত্র বিআইএ-৫ (৬৩) ২০২৩ - ২৭৩, তারিখ ১৮ সেপ্টেম্বর, ২০২৩ বরাতে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইনস্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ) ফাউন্ডেশন কর্তৃক শিক্ষা বৃত্তি প্রদানের মহতি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইনস্যুরেন্স লিমিটেড এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানরা উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

আবেদনের নিয়মাবলী/শর্তসমূহ :

১. অত্র কোম্পানিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের এইচ.এস.সি পরীক্ষার্থী বা তদুর্ধ্ব শ্রেণীতে অধ্যয়নরত সন্তানরা কেবল আবেদন করতে পারবেন।
২. আবেদন পত্রের সাথে আবেদনকারীর ১ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত সহ সংযুক্ত করতে হবে।
৩. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনকারীর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৪. আবেদনকারীর পিতা এবং মাতার জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত থাকতে হবে।
৫. আগামী ০১ অক্টোবর ২০২৩ রোববার শিক্ষা বৃত্তির আবেদন কোম্পানির প্রধান কার্যালয়ে পৌঁছাতে হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

ধন্যবাদান্তে,

ফরহাদ উদ্দীন

অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক

মানব সম্পদ ও প্রশাসন বিভাগ